

**ওয়াসপা নিউজলেটারের প্রয়োজনীয়তা**

যেসব এলাকায় কৃষি জমিতে সেচ কাজের জন্য পরিষ্কার পানি পাওয়া যায় না সেখানে বর্জ্যপানির ব্যবহার অপরিহার্য। তবে বর্জ্যপানি ব্যবহারে স্বাস্থ্য ঝুঁকি থাকায় তা পরিশোধন করে নেয়া উচিত। বর্জ্যপানি ব্যবহারের এই বাস্তবতাকে সামনে রেখে এনজিও ফোরাম ফর ড্রিংকিং ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন রাজশাহীতে ওয়াসপা-এশিয়া নামক একটি প্রকল্প বাস্তবায়ন করছে যা ইউরোপীয়ান কমিশন এর এশিয়া প্রো-ইকো-টু এর অর্থায়নে পরিচালিত। ওয়াসপা-এশিয়া নামক এই এ্যাকশন রিসার্চ প্রকল্পটির একটি গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে লার্নিং এ্যালায়েন্স যা সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে গঠিত। ওয়াসপা নিউজ-এর মূখ্য উদ্দেশ্য হচ্ছে তথ্য ও খবর দিয়ে লার্নিং এ্যালায়েন্সের সদস্যগণকে প্রকল্প সম্পর্কে অবগত রাখা।

**আবর্জনা ফাঁদ**

রাজশাহীতে বাস্তবায়নাধীন ওয়াসপা-এশিয়া প্রকল্পের আওতায় একটি আবর্জনা ফাঁদ নির্মাণ করা হবে যা বৃষ্টির পানি সংরক্ষণের নালায় ও তেরোখাদিয়া এলাকার কৃষি জমিতে কঠিন বর্জ্য প্রবাহ হ্রাস করবে। রাজশাহী সিটি কর্পোরেশনের সাথে আলোচনা সাপেক্ষে আবর্জনা ফাঁদের নকশা ও স্থান চূড়ান্ত করা হয়েছে, যার নির্মাণ কাজ সিটি কর্পোরেশনের অনুমতি সাপেক্ষে শুরু হবে।



আবর্জনা ফাঁদ নির্মাণের স্থান

**স্বাস্থ্য সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ**

কৃষি কাজে বর্জ্যপানি ব্যবহারকারী কৃষকদের স্বাস্থ্য সচেতনতা (হাইজিন) বৃদ্ধি এবং বর্জ্যপানির নিরাপদ ব্যবহারের উপর গুরুত্বারোপ করে ওয়াসপা-এশিয়া প্রকল্প ফেব্রুয়ারি ২০০৮-এ এনজিও ফোরামের রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণের বিষয়বস্তু নির্ধারণ করা হয় স্যানিটেশন এ্যাসেসমেন্ট থেকে প্রাপ্ত তথ্যাদি দিয়ে, যার সমন্বয় করে এনজিও ফোরামের প্রশিক্ষণ সেল এবং ইন্টারন্যাশনাল ওয়াটার এন্ড স্যানিটেশন সেন্টার (আই আর সি), নেদারল্যান্ড। প্রথমবারের মত বর্জ্যপানি ব্যবহারকারী কৃষকদেরকে নিয়ে এরকম প্রশিক্ষণের আয়োজন করা হলো, যার ফলে তারা বর্জ্যপানি ব্যবহার এবং স্বাস্থ্য সচেতনতার মাঝে যোগসূত্র স্থাপন করতে সমর্থ হবে।



কর্ম অধিবেশনের একাংশ

**কৃষি বিষয়ক প্রশিক্ষণ**

ওয়াসপা প্রকল্পের আওতায় জুন ২০০৮-এর ২-৫ তারিখে এনজিও ফোরাম রাজশাহী অঞ্চলের আঞ্চলিক কার্যালয়ে কৃষি কাজে বর্জ্যপানি ব্যবহারকারী কৃষকদের জন্য দিনব্যাপী এক প্রশিক্ষণের আয়োজন করা হয়। এনজিও ফোরাম ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ প্রচেষ্টায় অনুষ্ঠিত এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল রাসায়নিক সার ও বালাইনাশকের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে কৃষি খরচ কমিয়ে ফসলের উৎপাদন বৃদ্ধি। বর্জ্যপানি ব্যবহারকারী মোট ১০০ জন কৃষককে এই প্রশিক্ষণ দেয়া হয়।